তারিখ 3 JUL 2017
পৃষ্ঠা ৬ কলাম ২

দৈনিক আমাদের সময়

# ৪৩ ছাত্রীর উপবৃত্তির টাকা তুলে নিল প্রতারক চক্র

মোহনগঞ্জ প্রতিনিধি ●

'হ্যালো আমি ডাচ্-বাংলা ব্যাংক থেকে বলছি, তোমার মোবাইলে উপবৃত্তির টাকা এসেছে। পিন নাম্বার বল। পিন নাম্বার না দিলে টাকা বাজেয়াপ্ত হবে'– এসব কথা বলে নেত্রকোনার মোহনগঞ্জে মহিলা কলেজের দ্বিতীয় বর্ষের ৪৩ ছাত্রীর উপবৃত্তির ৯০ হাজার ৩শ টাকা হাতিয়ে নিয়েছে একটি প্রতারক চক্র। কলেজছাত্রী রাহিমা আক্তার, ফারজানা আক্তার, বীথিকা পাল ও প্রিয়াংকাসহ বেশ কয়েকজন গতকাল রোববার এ প্রতিবেদকের সঙ্গে আলাপকালে এ অভিযোগ করেন।

তারা জানান, প্রতারক চক্র ০১৭২২৬২৭২৯১ এবং ০১৯৯২৭৩৯৩৬০ ফোন নাম্বারসহ আরও কয়েকটি নাম্বার থেকে মোবাইল করে পিন নাম্বার নিয়ে টাকা তুলে নেয়। ঘটনাটি ঘটে ঈদের ছুটির সময় গত ২৫ জুন।

এ বিষয়ে জানতে চাইলে কলেজের অফিস প্রধান আবদুর রাজ্জাক জানান, ২০১৬-১৭ শিক্ষাবর্ষে উপবৃত্তির প্রথম কিস্তির জনপ্রতি ২১শ টাকা করে ৪৩ শিক্ষার্থীর টাকা তুলে নিয়ে গেছে প্রতারক চক্র।

ঘটনার সত্যতা স্বীকার করে মোহনগঞ্জ মহিলা কলেজের অধ্যক্ষ মো. মোখলেছুর রহমান জানান, এখানে উপবৃত্তিপ্রাপ্ত ১৬৭ ছাত্রীর মধ্যে এ পর্যন্ত ৪৩ জনের টাকা হাতিয়ে নেওয়ার তথ্য পাওয়া গেছে।

প্রতারিত শিক্ষার্থী তাসলিমা আক্তার, নুসরাত জাহানসহ অন্য ছাত্রীরা জানায়, প্রতারক চক্র ডাচ্-বাংলা ব্যাংকের পাশাপাশি বিকাশ ব্যাংকেরও পরিচয় দিয়ে পিন নাম্বার নিয়ে নেয়।

কলেজছাত্রীরা ঘটনার সুষ্ঠু তদন্ত করে উপবৃত্তির টাকা ফেরতের দাবি জানান। এ ঘটনায় মোহনগঞ্জ থানায় অভিযোগ করা হয়েছে।